

# মেডিকেল ভর্তি পরীক্ষার আবেদনে জিপিএ কমলা

## স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২১:১২, ২৬ অক্টোবর ২০২৫



### ছবি: প্রতীকী (সংগৃহীত)

সরকারি-বেসরকারি মেডিকেল কলেজের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তি আবেদনে জিপিএ কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী ভর্তি আবেদনে এসএসসি ও এইচএসসি মিলিয়ে একজন ভর্তির আবেদনকারীকে মোট জিপিএ-৮.৫ পেতে হবে।

রোববার (২৬ অক্টোবর) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগম। বিকেল ৪টায় শুরু হওয়া এ সভা রাত সাড়ে ৭টার দিকে শেষ হয়।

সভায় অংশ নেওয়া স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের একজন কর্মকর্তা এ তথ্য নিশ্চিত করেছেন। নাম প্রকাশ না করার শর্তে তিনি বলেন, এবার মেডিকেল ভর্তিতে আবেদনের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি মিলিয়ে মোট জিপিএ-৮.৫ লাগবে। তবে এসএসসি ও এইচএসসিতে পৃথকভাবে একজন শিক্ষার্থীকে কমপক্ষে

জিপিএ-৪ করে পেতে হবে। পাশাপাশি জীববিজ্ঞান বিষয়ে ন্যূনতম জিপিএ-৩.৫ লাগবে।

গত বছর অর্থাৎ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে মেডিকেল ভর্তির আবেদন করতে এসএসসি ও এইচএসসি মিলিয়ে কমপক্ষে জিপিএ ৯ থাকার শর্ত ছিল। এছাড়া এসএসসি ও এইচএসসিতে পৃথকভাবে জিপিএ-৪.৫ করে থাকার বাধ্যবাধকতা ছিল।

জানা যায, দেশের সরকারি-বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১২ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। ভর্তি আবেদনগ্রহণ শুরু হবে আগামী নভেম্বর মাসে।

---

ରାକିବ